

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৬.২০১০-৭ন

তারিখ:-০৫-০২-২০১৩ খ্রিঃ

বিষয়ঃ মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন মামলা নং ৯৫৮৭/২০১০ এর পরিপ্রেক্ষিতে ইউজার ফি বন্টন সংক্রান্ত জারীকৃত স্থগিত আদেশ বাতিল/ প্রত্যাহার সংক্রান্ত।

সূত্রঃ- বিভাগীয় প্রধান, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর ০১-১২-২০১২ তারিখের আবেদনপত্র

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ মন্ত্রণালয়ের ৫-২-১৯৮৪ তারিখের ৭৮৮ সংখ্যক স্মারক মোতাবেক সংশ্লিষ্ট বিভাগের ডাক্তার এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ইউজার ফি বন্টন হচ্ছিল। এ বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন মামলা নং-৯৫৮৭/২০১০ এর নির্দেশনার প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের ২৩-০২-২০১১ তারিখের ১৫৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ইউজার ফি বন্টন বন্ধ করে দেয়া হয়।

০২। এফফে, মহামান্য সুপ্রীম কোর্টের এ্যাপিলেট ডিভিশন কর্তৃক জারীকৃত সিভিল পিটিশন ফর লিভ টু অ্যাপিল নং ২৬১৬/২০১২ এর উপর ২৩-১০-২০১২ তারিখে প্রদত্ত আদেশ এবং আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত মতামতের আলোকে এ মন্ত্রণালয়ের ৫-২-১৯৮৪ তারিখের ৭৮৮ সংখ্যক স্মারক ও বন্টন সংশ্লিষ্ট বিধি-বিধান (২০০৮ সনের ১৪৫ নং, এস আরও প্রবিধিমালা-এর ২৪ নং ধারা) অনুযায়ী ইউজার ফি পূর্বের ন্যায় সংশ্লিষ্ট বিভাগের ডাক্তার, মেডিকেল টেকনোলজিস্ট, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বন্টনের নিমিত্ত এ মন্ত্রণালয়ের ২৩-০২-২০১১ তারিখে ১৫৬ সংখ্যক স্মারকে জারীকৃত স্থগিত আদেশটি এতদ্বারা নির্দেশক্রমে বাতিল/ প্রত্যাহার করা হলো।

১৫/১
(এ.এইচ.এম.সফিকুজ্জামান)

উপ সচিব

ফোনঃ ৯৫৫৬৯৮৯

[ds.hospital-2 @ mohfw.gov.bd](mailto:ds.hospital-2@mohfw.gov.bd)

বিতরণঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তাকে পত্রটি সকল সিভিল সার্জন কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। পরিচালক মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৪। অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)-----
- ৫। পরিচালক (হাসপাতাল/ অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

নং ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০৬.২০১০-৭ন/২ (৫)

তারিখ:-০৫-০২-২০১৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/ জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)
- ৫। বিভাগীয় প্রধান, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
- ৬। যুগ্মসচিব (হাসপাতাল ও নার্সিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১৫/১
(এ.এইচ.এম.সফিকুজ্জামান)

উপ সচিব